

কাল পরীক্ষা শুরু

প্রাথমিক-ইবতেদায়ি শিক্ষা সমাপনীতে
বসছে ২৯ লাখ পরীক্ষার্থী

■ সমকাল প্রতিবেদক
দেশের সর্ববৃহৎ পাবলিক পরীক্ষা
প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা
সমাপনী পরীক্ষায় এবার অংশ নিচ্ছে
মোট ২৯ লাখ ৫০ হাজার ১৯৩
পরীক্ষার্থী। পঞ্চম শ্রেণী শেষ করা
শিক্ষার্থীদের পঞ্চমবারের মতো এ
পরীক্ষা কাল বুধবার শুরু হয়ে ২৮
নভেম্বর শেষ হবে। সকাল ১১টা

থেকে দুপুর দেড়টা পর্যন্ত এ পরীক্ষা
চলবে।
গতকাল সোমবার সচিবালয়ে
সংবাদ সম্মেলনে পরীক্ষার সার্বিক
প্রস্তুতি তুলে ধরেন প্রাথমিক ও
গণশিক্ষামন্ত্রী ডা. আফজালুল
আমীন। এ সময় উপস্থিত ছিলেন
প্রতিমন্ত্রী মোতাহার হোসেন, সচিব
কাজী আখতার হোসেন ও
অধিদফতরের মহাপরিচালক
প্রফেসর শাফিক কবির খোদা।

গণশিক্ষামন্ত্রী জানান, এবার ২৯
লাখ ৫০ হাজার ১৯৩ পরীক্ষার্থীর
মধ্যে প্রাথমিক শিক্ষা সমাপনীতে ২৬
লাখ ৩৫ হাজার ৪০৬ জন। এর মধ্যে
১২ লাখ ১৪ হাজার ৯০৯ জন ছাত্র
আর ছাত্রী ১৪ লাখ ২০ হাজার ৪৯৭
জন। ইবতেদায়িতে ৩ লাখ ১৪ হাজার
৭৮৭ জন। এর মধ্যে ১ লাখ ৫৭
হাজার ২২৭ জন ছাত্র আর ১ লাখ ৫৭
হাজার ৫৬০ জন ছাত্রী তিনি বলেন,
দেশব্যাপী ৬ হাজার ৫১৪টি কেন্দ্রে
একযোগে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এর
মধ্যে দেশে ৬ হাজার ৫৬৬টি আর
বিদেশে আটটি কেন্দ্রে। এ বছরও
দেশের বাইরে রিয়াদ, জেদ্দা,
আবুধাবি, বাহরাইন, দুবাই, কাতার,
ত্রিপোলি এবং ওমান কেন্দ্রে মোট
৭৭৪ শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেবে।
১৫৫টি পরীক্ষাকেন্দ্রকে দুর্গম চিহ্নিত
করে ওই সব কেন্দ্রে প্রশাসনের
তত্ত্বাবধানে পরীক্ষার আগের দিন
প্রস্তুতি সরবরাহ করা হবে।

গণশিক্ষামন্ত্রী বলেন, এবার
প্রতিবন্ধী শিক্ষার্থীরা পরীক্ষায়
অতিরিক্ত ২০ মিনিট সময় পাবে।
এক উপজেলায় উত্তরপত্র অন্য
উপজেলায় পাঠিয়ে মূদাযন করা
হবে।